

প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণিকক্ষে প্রাইভেট-কোচিং নিষিদ্ধ

নিজস্ব প্রতিবেদক

১১ মার্চ, ২০২৫ ১৭:৪০

শেয়ার

অ +

অ -



ফাইল ছবি

সরকারি ও বেসরকারি সব প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণিকক্ষে প্রাইভেট পড়ানো ও কোচিং করানোয় নিষেধাজ্ঞা দিয়েছে সরকার। শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত অফিস আদেশে এ নিষেধাজ্ঞার কথা জানানো হয়।

অধিদপ্তরের সহকারী পরিচালক (পলিসি ও অপারেশন) মো. রাইছুল করিম স্বাক্ষরিত ওই আদেশ মঙ্গলবার (১১ মার্চ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়।

অফিস আদেশে বলা হয়েছে, সম্প্রতি লক্ষ করা যাচ্ছে যে প্রাথমিক বিদ্যালয়ের পাঠদান কার্যক্রম ছুটির পর এবং বন্ধের দিন শ্রেণিকক্ষে প্রাইভেট পড়ানো, কোচিংসহ নানা কার্যক্রমে ব্যবহার করা হয়- যা অনভিপ্রেত।

কোনোক্রমেই বিদ্যালয়ের কক্ষে প্রাইভেট পড়ানো/কোচিংসহ অন্য কাজে ব্যবহার করা যাবে না। এর ব্যত্যয় ঘটলে স্ব-স্ব দায়িত্বপ্রাপ্তগণ দায়ী থাকবেন।

এতে আরো বলা হয়েছে, এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং তা আবশ্যিকভাবে প্রতিপালনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সবাইকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।